# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৯০

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, ঋতুবতী নারীর মুখের উচ্ছিষ্ট নাপাক, তার কথা অপনোদনে হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن سُؤْرَ الْمَرْأَةِ الْحَائِضِ نَجِسٌ

---

আরবী

1290 - أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا وَكِيعٌ عَنْ مِسْعَرٍ وَسُفْيَانَ عَنِ الْمِقْدَامِ بْنِ شُرَيْحٍ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ قَالَتْ: كُنْتُ أَضَعُ الْإِنَاءَ عَلَى فِيَّ - وَأَنَا حَائِضٌ - ثُمَّ أُنَاوِلُهُ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَيَضَعُ فَاهُ عَلَى مَوْضِعِ فِيَّ وَآخُذُ الْعَرْقَ - وَأَنَا حَائِضٌ - ثُمَّ أُنَاوِلُهُ فَيَضَعُ فَاهُ عَلَى مَوْضِعِ فِيَّ.

الراوي : عَائِشَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1290 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১২৯০. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি ঋতুবতী অবস্থায় পাত্রে আমার মুখ লাগাতাম, তারপর তা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দিতাম অতঃপর তিনি পাত্রে আমার মুখ লাগানো জায়গায় মুখ লাগাতেন এবং আমি ঋতুবতী অবস্থায় মাংসল হাড় নিতাম, তারপর তা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দিতাম অতঃপর তিনি পাত্রে আমার মুখ লাগানো জায়গায় মুখ লাগিয়ে খেতেন।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/১৯২; সহীহ মুসলিম: ৩০০; নাসাঈ: ১/১৪৯; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩২১; সহীহ ইবনু খুযাইমাহ: ১১০; আবূ আওয়ানা: ১/৩১১; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১২৫৩; আত তায়ালিসী: ১৫১৪; আবূ দাউদ: ২৫৯; ইবনু মাজাহ: ৬৪৩; দারেমী: ১/২৪৬; হুমাইদী: ১৬৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রাহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা

নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন (সহীহ আবূ দাউদ: ২৫২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90604

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন